

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রেস বিজ্ঞপ্তি


নম্বর- ০৪.০০.০০০০.৬১১.২৩.০০২.১৫-৫৭

তারিখ : ০৪ মার্চ, ২০১৫
২০ ফাল্গুন, ১৪২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ আট জন বিশিষ্ট ব্যক্তিকে ২০১৫ সালের স্বাধীনতা পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিবর্গ হচ্ছেনঃ **স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ ক্ষেত্রে** বৃহত্তর সিলেটে মুক্তিযুদ্ধ পরিচালনায় বিশেষ ভূমিকা পালনকারী মরহুম কমান্ড্যান্ট মানিক চৌধুরী; ১৯৭১ সালে রাজশাহী রেঞ্জের ডিআইজি হিসাবে কর্মরত অবস্থায় মুক্তিযুদ্ধে সহায়তা প্রদানের জন্য পাকিস্তানি-হানাদার বাহিনীর হাতে শাহাদত বরণকারী মামুন মাহমুদ; ১৯৭১ সালে ওয়াশিংটনস্থ পাকিস্তান দূতাবাসে কর্মরত থাকা অবস্থায় বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশকারী এবং প্রবাসে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত সংগঠক, প্রাক্তন অর্থমন্ত্রী মরহুম শাহু এ এম এস কিবরিয়া; প্রবীণ রাজনীতিবিদ এবং মুক্তিযুদ্ধ চলাকালে প্রবাসী বাংলাদেশ সরকারের উপদেষ্টা অধ্যাপক মোজাফফর আহমদ; **সাহিত্য-ক্ষেত্রে** বিশিষ্ট সাহিত্যিক ও শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান; **সংস্কৃতি-ক্ষেত্রে** যশস্বী চলচ্চিত্র-অভিনেতা জনাব আব্দুর রাজ্জাক; **গবেষণা ও প্রশিক্ষণ ক্ষেত্রে** স্নানামধ্য কৃষি গবেষক এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক ড. মোহাম্মদ হোসেন মন্ডল; এবং **সাংবাদিকতা ক্ষেত্রে** প্রথিতযশা সাংবাদিক প্রয়াত সন্তোষ গুপ্ত।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১১ চৈত্র ১৪২১/২৫ মার্চ ২০১৫ তারিখ, বুধবার ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে ২০১৫ সালের স্বাধীনতা পুরস্কার প্রদান করবেন।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬